দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR. 1 6 1999 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ...

# মুহসিন হল থেকে বহিরাগত সন্ত্রাসী গ্রেফতার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসিন হল থেকে সোমবার গোয়েন্দা পুলিশ জাহাঙ্গীর নামে জনৈক বহিরাগত সন্ত্রাসীকে গ্রেফতার করেছে। গোয়েন্দা পুলিশ বিশেষ খবরের ভিত্তিতে সোমবার বিকালে মুহসিন হলের ৪৫৬ নম্বর কক্ষ থেকে তাকে গ্রেফতার করে। জাহাঙ্গীর লালবাগ এলাকায় ছাত্রলীগের রাজনীতি করে বলে জানা গেছে। মুহসিন

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## মুহসিন হল থেকে

(৮-এর পাতার পর)

হলে এখনও বেশ কিছু বহিরাগত আছে বলে জানা গেছে। ছাত্রলীগ হল শাখা সভাপতি শফিকুর রহমান বলেছে, হলে স্থায়ীভাবে বেশ কিছু বহিরাগত অবস্থান করছে। যাদের কারণে সাধারণ ছাত্ররা ভীত-সন্ত্রস্ত। কার আশ্রয়ে এরা হলে থাকে এই প্রশ্নের জবাবে সে জানিয়েছে, রাজনৈতিক কিছু বড় ভাইয়ের আশ্রয় এবং হল কর্তৃপক্ষের নমনীয়তার কারণে হলে থাকে। মুহসিন হলে বহিরাগতের অবস্থান সম্পর্কে কিছুদিন আগে জনকণ্ঠে প্রকাশিত সংবাদের প্রতিবাদে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেছিল 'মুহসিন হলে কোন বহিরাগত নেই।' কর্তৃপক্ষের এই বক্তব্য এবং গতকাল বহিরাগত গ্রেফতারের ঘটনার পর ক্যাম্পাসে বিভিন্ন মহলে প্রশ্ন উঠেছে—'হঠাৎ করে বহিরাগত কি করে এলো? নাকি আগে থেকেই ছিল।'